

সংস্কৃত

৭/২০/২০০

জাতি...
স্বা... কমান... ৩

আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলছে : ক্যাম্পাসে উত্তেজনা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আগামীকাল সোমবার খুলছে। এ উপলক্ষে 'আজ রোববার বিকাল ৪টায় আবাসিক হলগুলো খুলে দেয়া হবে। দীর্ঘ দু'মাস বন্ধ এবং জাতীয় রাজনীতির পট পরিবর্তনের পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খোলাকে কেন্দ্র করে ক্যাম্পাস ও আশপাশে ছাত্রলীগ এবং ছাত্রশিবির কর্মীরা অবস্থান নিয়েছে। শিবির পুরনো নিয়ন্ত্রণ আবার প্রতিষ্ঠা করতে ইতিমধ্যে ক্যাম্পাসে শো-ডাউন শুরু করেছে। ছাত্রলীগ চাচ্ছে নিজেদের নিয়ন্ত্রিত তিনটি হলে পুরোপুরি অবস্থান বজায় রাখতে। এ নিয়ে ছাত্র সংগঠনগুলোর মধ্যে উত্তেজনা এবং অভিভাবক মহলে শংকা বিরাজ করছে। গত ১৩ আগস্ট ছাত্রলীগ এবং ছাত্রশিবিরের

মধ্যে সংঘটিত রক্তক্ষয়ী বন্দুকযুদ্ধের পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে যায়। তত্ত্বাবধায়ক সরকার এবং পুলিশ প্রশাসনের অসহযোগিতার কারণে বিশ্ববিদ্যালয় আর খোলা হয়নি। এ সময় ছাত্রলীগ ও ছাত্রশিবির এবং অপেক্ষাকৃত ক্ষুদ্র সংগঠনগুলোও বিশ্ববিদ্যালয় খোলার দাবিতে নানা কর্মসূচি পালন করে।

ক্যাম্পাসে সংঘাত এড়াতে সন্ধ্যা করণীয় নিয়ে আলোচনার জন্য গতকাল সন্ধ্যা ৭টায় সিডিকেটের বৈঠক বসে। এ রিপোর্ট লেখা পর্যন্ত বৈঠক চলছিল।

এদিকে বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, বৈধ ছাত্ররা হলে ওঠার স্বার্থে হলের গেটে সব ছাত্রের পরিচয়পত্র চেক করা হবে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।